

কৃষিবিদ ইনস্টিটিউশন বাংলাদেশ এর সভাপতি কৃষিবিদ মরহুম এ এম এম সালেহ স্বরণে শোক সভা ও দোয়া মাহফিল

কৃষিবিদ ইনস্টিটিউশন বাংলাদেশের এর সম্মানিত সভাপতি কৃষিবিদ এ এম এম সালেহ ভাই ২৪ শে ফেব্রুয়ারী'১৯ সিঙ্গাপুরে চিকিৎসারত অবস্থায় ২৪ শে ফেব্রুয়ারী'১৯ সিঙ্গাপুরে চিকিৎসারত অবস্থায় ইন্তেকাল করেছেন। তাঁর স্বরণে সিডনি তে কৃষিবিদ ইনস্টিটিউশন বাংলাদেশ, অস্ট্রেলিয়া শাখা কর্তৃক গত ১ লা মার্চ ২০১৯ শুক্রবার এক শোক সভা অনুষ্ঠিত হয়। এতে সভাপতিত্ব করেন কৃষিবিদ ডঃ আবদুস সাদেক। সভা পরিচালনা করেন কৃষিবিদ পরমেশ ভট্টাচার্য ও কৃষিবিদ সৈকত দাস। সিডনির ল্যাকেম্বাস্হ বনফুল রেস্টরাঁ তে এ স্বরণ সভাটি অনুষ্ঠিত হয়। স্বল্প সময়ের নোটিশে শত কর্ম ব্যাস্ততার মাঝেও সিডনি তে বসবাসরত অনেক অগ্রজ, অনুজ এবং বিশেষ করে সালেহ ভাই এর বেশ কয়েক জন প্রিয় কৃষিবিদ বন্ধু এই শোক সভায় উপস্থিত ছিলেন। সভার শুরুতেই সালেহ ভাই এর বিদেহী আত্মার শান্তি কামনার্থে এক মিনিট দাঁড়িয়ে নীরবতা পালন করা হয়। তারপর সালেহ ভাই কে নিয়ে স্মৃতিচারন ও বক্তব্য রাখেন সালেহ ভাই এর বন্ধু কৃষিবিদ মাহবুব পাটোয়ারী, কৃষিবিদ ডঃ মঞ্জুর হামিদ কচি, কৃষিবিদ মোশাররফ হোসেন চৌধুরী, কৃষিবিদ আব্দুল জলিল, কৃষিবিদ হেলাল উদ্দিন নোমানী। তারপর বক্তব্য রাখেন সালেহ ভাই এর অগ্রজ কৃষিবিদ দের মধ্যে কৃষিবিদ হায়দার আলী, কৃষিবিদ ডঃ নিজাম উদ্দিন আহমেদ, কৃষিবিদ হারান চন্দ্র সরকার। এরপরে সালেহ ভাই এর অনুজ কৃষিবিদ দের মধ্যে বক্তব্য রাখেন কৃষিবিদ আবু ইব্রাহীম, কৃষিবিদ জাহেরুল ইসলাম ও কৃষিবিদ ডঃ বাবর আলী। তবে ডঃ বাবর আলীর তার বক্তব্যে স্মৃতি কাতর হয়ে পড়লে হলের মধ্যে এক পিন পতন নীরবতা ও আবেগঘন পরিবেশের সৃষ্টি হয়। উপস্থিত সবাই স্মৃতি কাতর ও আবেগ প্রবণ হয়ে পড়েন। চোখের পানি কেউ আর ধরে রাখতে পারিনি। অশ্রু সজল নয়নে সবাই প্রিয় সতীর্থ সালেহ ভাই কে বিদায় জানান। পরে মোনাজাত ও দোয়া প্রার্থনা পরিচালনা করেন অগ্রজ কৃষিবিদ ডঃ কাইয়ুম পারভেজ। পরিশেষে সভার সভাপতি কৃষিবিদ ডঃ আবদুস সাদেক এর সমাপনী বক্তব্য ও ধন্যবাদ জ্ঞাপন এর মাধ্যমে শোক সভার সমাপ্তি ঘটে।